# প্রেস রিলিজ

## কৃষিবিদ অস্ট্রেলিয়া-র ২৩তম বার্ষিক বনভোজন ২০১৭

সৈয়দ সিরাজুল ইসলাম (সিরাজ),জন-সংযোগ সম্পাদক: সিডনির দক্ষিণ পশ্চিমে নয়নাভিরাম মাউন্ট আনানের লেক সাইড প্যাভিলিয়নে মনোরম পরিবেশে গত ৫ই নভেম্বর ২০১৭ অনুষ্ঠিত হয়েছে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র ২৩তম বার্ষিক বনভোজন ২০১৭। গত একমাস ধরে বার্ষিক ইনডোর স্পোর্টস এবং বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে শেষ হলো কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বার্ষিক বনভোজন। মাঝে মধ্যে সোনালী রোদের হিমেল বাতাসের হালকা বৃষ্টির আবহাওয়ায়, প্রায় দুইশ' কৃষিবিদ এবং তাঁদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে লেক সাইড প্যাভিলিয়নের সবুজ চত্বর মুখরিত হয়ে ওঠে সকাল সাড়ে দশটা থেকে। অতিথিদের আগমনে সাড়ে ১১ টায় সিঙ্গাড়া, চা, কফি দিয়ে সকালের আয়োজন শুরু হয়। বেলা ১২ টায় ক্রীড়া সম্পাদক জাহেরুল ইসলামের পরিচালনায় বাচ্চাদের খেলা ধূলা শুরু হয় এবং তারপরে পুরুষ ও মহিলাদের খেলা ধূলার মাধ্যমে বেলা ১ টায় এই পর্ব শেষ হয়।



যোহরের নামাজের পরে দ্বিতীয় পর্বে, বেলা দেড়টায় মধ্যাহ্ন ভোজের আয়োজন করা হয়। সাংস্কৃতিক সম্পাদক এ এফ এম ফারুকের তত্ত্বাবধানে সাংস্কৃতিক অনুষ্ঠানে বাচ্চারা এবং বড়রা কবিতা,গান ইত্যাদি পরিবেশন করেন। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন জাহেরুল ইসলাম এবং ড: মাকসুদুল বারী। উত্তেজনাপূর্ণ রাফেল ড্র পরিচালনা করেন ড:ফারুক আহমেদ। সাধারণ সম্পাদক ড: মাসুদ পারভেজ তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে উপস্থিত কৃষিবিদ এবং তাঁদের পরিবারের সবাইকে বার্ষিক বনভোজনে অংশ গ্রহণের জন্য ধন্যবাদ জানান। এছাড়াও কৃষিবিদ পিকনিক ও কৃষিবিদের বিভিন্ন কর্মকান্ডে

সহযোগিতার জন্য স্পনসরদেরকে ড: পারভেজ আন্তরিক কৃতজ্ঞতা জানান। কৃষিবিদ অস্ট্রেলিয়ার সভাপতি ড: মাকসুদুল বারী সবাইকে ধন্যবাদ জানিয়ে বিকাল ৫ টায় অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।







STARS




PAKRASHI


PAKRASHI


PAKRASHI


KRISHIBID AUSTRALIA
কৃষিবিদ অস্ট্রেলিয়া
ANNUAL PICNIC 2017
PAKRASHI


KRISHIBID AUSTRAL
কৃষিবিদ অস্ট্রেলিয়া
ANNUAL PICNIC 2017
Krishibid


Krishibid
ANNUAL PICN
Krishibid.Australia


KRISHIBID AUSTRALIA
কৃষিবিদ অস্ট্রেলিয়া














KRISHIBID




KRISHIBID AUSTRALIA


কৃষিবিদ অস্ট্রেলিয়া
ANNUAL PICNIC 2017


Krishibid


KRISHIBID AUSTRALIA
কৃষিবিদ অস্ট্রেলিয়া
PICNIC 2017

